জুলাই-২০২১ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আমানত হোসেন খান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কাপাসিয়া, গাজীপুর। |
| সভার তারিখ | ঃ | ২০.০৭.২০২১ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

"পরিশিষ্ট ক"

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: | জনাব মোসাঃ ইসমত আরা, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর উপস্থিত সকলকে বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকলে বিগত সভার কার্যপত্র অনুমোদন করার জন্য সকলকে অনুরোধ করেন। | সিদ্ধান্ত ঃ কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকায় বিগত সভার কার্যপত্র অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | উপজেলা কৃষি অফিসার কাপাসিয়া, গাজীপুর বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টোক-গফরগাঁও ব্রীজ হওয়ার কারণে ঐ এলাকার কৃষকরা ধান, পাট ও সবজি চাষে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। জরুরি ভিত্তিতে সমাধানের জন্য জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়কে অনুরোধ জানানোর জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | | টোক-গফরগাঁও ব্রীজ হওয়ার কারণে কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। দ্রুত জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়কে জানানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোন কৃষক বজ্রপাতে মৃত্যু বরণ করলে সেটি দ্রুত কৃষি মন্ত্রণালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার বলেন, বাজারে ডিমের দাম কম হওয়ায় খামারীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেটি লাঘবের জন্য জেলা প্রশাসক ও মাননীয় এমপি মহোদয়ের মাধ্যমে মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষনের জন্য সুপারিশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | ডিমের দাম কম হওয়ার প্রেক্ষিতে জেলা প্রশাসক বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে পরিচালনা করার জন্য সবার সহযোগিতা কামনা করেন। | | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অবহিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া,গাজীপুর।<br>২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০৬ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন, চলতি অর্থ বছরে প্রাপ্ত বয়স্ক, মুক্তিযোদ্ধা ভাতা ,প্রতিবন্ধী ও বিধবা বা স্বামী পরিত্যক্তা ভাতা এবং মৃত্যু জনিত বা অন্য কোন কারণে প্রতিস্থাপনকৃত ভাতার তালিকা সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ দ্রুত সমাজসেবা কার্যালয়ে ঈদের পূর্বেই জমা দিলে ভাতা ভোগীদের হাতে ভাতার টাকা পৌছে দেওয়া সম্ভব হবে। | | প্রতিবন্ধীদের তালিকা সরেজমিন যাচাই করে কমিটি কর্তৃক অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া,গাজীপুর।<br>৩। চেয়ারম্যান (সকল)ইউনিয়ন পরিষদ কাপাসিয়া,গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, তাঁর দপ্তরের কাজকর্ম যথারীতি চলছে।<br>• বর্তমান গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণের লক্ষে হেরিং বন্ড (এইচবিবি) প্রকল্প চলমান রয়েছে।<br>• ২০২১-২২ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) প্রকল্প চলমান রয়েছে।<br>• অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর (২য় পর্যায়ের) কাজ চলমান রয়েছে।<br>উল্লেখিত প্রকল্প সমূহের অগ্রগতি ভাল। আগামী আগস্ট মাসের ১ম সপ্তাহের মধ্যে সকল এইচবিবি,কাবিটা, টিআর সহ অন্যান্য কাজ শেষ করার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | বিভাগীয় কাজকর্ম (কাবিটা) (টি,আর) (এইচবিবি) ইত্যাদি চলমান কাজ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মমকর্তা,কাপাসিয়া, গাজীপুর। |
| ০৯ | উপজেলা সমবায় অফিসার বলেন, তাঁর দপ্তরের কাজকর্ম যথারীতি চলছে। সকল কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | যথাসময়ে দেওনা আশ্রায়ণ প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা সমবায় অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে,<br>• ২০২১-২২ অর্থ বছরে পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি অগভীর তারা নলকূপের মধ্যে ২০০ টি নলকূপ স্থাপন এর কাজ শেষ এবং গোড়া পাকাকরণ কাজ চলমান।<br>• ২০২১-২২ ইং অর্থ বছরে পি.ই.ডি.পি প্রকল্পের আওতায় ১৯টি প্রাথমিক বিদ্যালয়ের সাবমারসিবল নলকূপ স্থাপনের কাজ চলমান। | ২০২১-২২ অর্থ বছরে অগভীর নলকূপ, তারা নলকূপ, সাবমারসিবল বরাদ্দ পাওয়া গেছে তা ৩০ জুন এর মধ্যে কাজ শেষ করার জন্য সভা করে অনুমোদন ও বাস্তবায়ন গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল, কাপাসিয়া, গাজীপুর। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন,<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলচে বলে জানান। এ ছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম যথারীতি দ্রুততার সাথে পরিচালিত হচ্ছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ডিজিটাল কনটেন্ট আপলোড করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১২ | উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া , গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলার ১১৬ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ বিলের ব্যবস্থা হয়েছে। প্রাইমারী স্কুলের বেশ কয়েকটি বিদ্যালয়ের বিল বকেয়া থাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বকেয়া বিদ্যুৎ বিল সকল অফিস ও স্কুল সমূহকে পরিশোধ করার জন্য বলা হল। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ- অত্র স্বাস্থ্য প্রতিষ্ঠনের উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা বলেন যে, বিভিন্ন সেকশন থেকে পূর্বের চেয়ে ৪ (চার) গুন বেশী টাকা সরকারের কোষাগারে জমা হইতেছে। এক্সরে ফিল্ম ও ল্যাবের প্রয়োজনীয় স্লাইড ও মেডিসিন সঠিক ভাবে সরবরাহ থাকলে আরও বেশী ইউজার ফি সরকারের কোষাগারে জমা করতে পারবে আশা করি। | ইহাতে মাননীয় সংসদ সদস্য জনাব সিমিন হোসেন রিমি বলেন যে, যদি সরকারী নিয়মনীতির মধ্যে হয় তবে করেন, আমিও উক্ত প্রস্তাবে সম্মতি আছি। (ইহাতে গরীব রোগীরা উপকৃত হবে।) এবং উপজেলা পরিষদের সকল সদস্য ৫/-টাকা হারে ফি গ্রহণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকতা,কাপাসিয়া,গাজীপুর। |
| ১৪ | উপজেলা প্রকৌশলী কাপাসিয়া গাজীপুর জানান, এডিপির কাজ সঠিক সময়ে শেষ হয়ে যাবে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন। তবে স্থান নির্ধারণের জন্য উপজেলা পরিষদে আগত দর্শণার্থীদের জন্য মোটর গ্যারেজ নির্মাণ কাজ এখনও সম্পন্ন করা সম্ভব হয়নি। সম্মানিত এমপি মহোদয়ের সাথে পরামর্শক্রমে মোটর গ্যারেজের জন্য স্থান নির্ধারণ করা হবে বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের ভিতর মোটর গ্যারেজের স্থান নির্বাচন করে পরিষদ সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রকৌশলী কাপাসিয়া গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। প্রস্তাবিত কার্যক্রম নিম্নরুপঃ<br>ভিজিডি কার্যক্রমঃ ২০২১-২২ চক্রে মোট ২২৬৬ জন মহিলা ভিজিডি চাল পেয়ে থাকে। প্রতি মাসে তারা ৩০ কেজি চাল গ্রহণ করে এবং সঞ্চয় হিসাবে ২০০ টাকা জমা দেয়। উপকারভোগী মহিলাদের টাকা উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার যৌথ একাউন্টে জমা করা হয়। ২ বছর চক্র শেষে উপকারভোগীদের টাকা তাদেরকে ফেরত প্রদান করা হবে। সেভ এনজিও ভিজিডি মহিলা সঞ্চয় উত্তোলন, সচেতনতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করে।<br>মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমঃ মাতৃত্বভাতা প্রদানের আওতায় কাপাসিয়া উপজেলায় গত অর্থবছরে ৮৯০ জন ভাতাভোগীকে ৩য় কিস্তির টাকা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদান করা হয়েছে। এই অর্থবছরে প্রথমবার ইউনিয়ন প্রতি ৩৪ জন করে ভাতাভোগী নির্বাচনের জন্য বলা হয়। ৩৪ জন ভাতাভোগী উপজেলা কমিটির মাধ্যমে চূড়ান্ত অনুমোদন করা হবে। ব্যাংক এডভাইজ এর মাধ্যমে ভাতা প্রদান করা হয়েছে। ২য়বার প্রতিটি ইউনিয়নে ২২ জন করে ভাতাভোগী নির্বাচনের জন্য বলা হয়। ২২ জন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। এছাড়া মাতৃত্বভাতা ভোগীদেরকে আলাদা, এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ঘাগটিয়া, বারিষাব, সিংহশ্রী, রায়েদ এবং টোক ইউনিয়নে মাতৃত্বভাতাভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে বাকী ৬টি ইউনিয়নে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>আইজিএ প্রশিক্ষণঃ কাপাসিয়া উপজেলায় আইজিএ প্রকল্পের আওতায় বিউটিশিয়ান এবং ব্লক বাটিক এর ট্রেড নেয়া হয়েছে। ১৫ ই এপ্রিল থেকে প্রশিক্ষনের কার্যক্রম শুরু হয়েছে। বর্তমানে প্রশিক্ষণার্থীদের বাজেট পাওয়া গেছে তাদের ব্যবহারিক ক্লাস করানো চলছে। । প্রতিটি ট্রেডে ২০ জন করে প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করবে। প্রতিটি কাজে ২০ জন করে প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহন করবে। সদর কার্যালয় থেকে প্রশিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান নির্ধারিত সময়ে ভিজিডি চাল বিতরণ করবেন এবং মাতৃত্ব ভাতা যথারীতি নিয়মমাফিক প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাপাসয়িা, গাজীপুর। |
| ১৬ | উপজেলা মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্য, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জনাব মোহাম্মদ আব্দুর রহিম উপজেলা পরিবার বিভাগের সার্বিক কার্যক্রম, "সৈয়দা জোহরা তাজউদ্দীন মা ও শিশু স্বাস্থ্য কার্ড" এবং **"Smart MCH Service Management Software"** কার্যক্রমের অগ্রগতি ও অর্জন বিস্তারিতভাবে উপস্থাপন করেন। তিনি সভাকে এই মর্মে অবগত করেন যে, বর্তমানে অত্র উপজেলায় মোট দম্পতি সংখ্যা ৭০৩৫১ (মার্চ ২০১৮) এবং মোট গর্ভবতী সংখ্যা ১৯৫৯ (মার্চ ২০১৮)। উপজেলার সকল গর্ভবতী মায়ের ২৬ টি তথ্য সংবলিত ডেটা বেইজ তৈরীর কাজটি প্রায় শেষের পথে। **"Smart MCH Service Management Software"** -এ এখন পর্যন্ত প্রায় ২০০০ গর্ভবতী মায়ের তথ্য এন্ট্রি দেওয়া হয়েছে। এই **Software** –এর মাধ্যমে একজন মাকে তার গর্ভকালীন সময়ে মোট ৪ বার বাংলায় **SMS** পাঠানো হচ্ছে। গর্ভবতী মা কখন, কোথায় এবং কার কাছ থেকে সেবা গ্রহণ করবেন তা **SMS** -এ উল্লেখ থাকছে।<br><br>সৈয়দা জোহরা তাজউদ্দিন মা ও শিশু স্বাস্থ্য কার্ড" এর মাধ্যমে গর্ভবতী মায়েরা অনেক বেশী উপকৃত হচ্ছেন। কার্ডে উপজেলা প্রশাসন এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সকল গুরুত্বপূর্ণ নম্বর উল্লেখ থাকায় ফোনের মাধ্যমেও অনেকে সেবা গ্রহণ করতে পারছেন। এই কার্ডের মাধ্যমে স্থানীয় রক্তদান সেবা সংঘ-এর সাথে গর্ভবতী মায়ের সংযোগ স্থাপন করে বিনামূল্যে গর্ভবতী মায়ের রক্তের গ্রুপিং নির্ণয় এবং প্রসবের নির্ধারিত তারিখের আগে রক্তদাতা যোগার করে রাখার কারণে গত জানুয়ারী ২০২১ থেকে অদ্যবধি কোন প্রসূতি মা অতিরিক্ত রক্ত ক্ষরন জনিত কারনে মৃত্যুবরণ করেন নি। যা সত্যিই প্রশংসার দাবিদার। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমে স্থানীয় সংসদ সদস্য সহ উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন। | মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক তথ্যাদি বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতিটি ইউনিয়নে একটি স্বাস্থ্য সচেতনতামূলক বিলবোর্ড স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দ ২.০০লক্ষ টাকা। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া,গাজীপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।